**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date : 14-05-2026** **Desk in Charge : Susmita M.**
**Time : 7-50 PM** **Edit.& Compile : DSS**
**DEO : KB** **NRT : DSS**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্য বিধানসভায় আজ নবনির্বাচিত বিধায়কদের শপথগ্রহণ পর্ব শেষ হয়েছে। #দুদিনে মোট ২৯০ জন বিধায়ক শপথ নিয়েছেন। #অধ্যক্ষ নির্বাচন হবে আগামীকাল।
২/ বিজেপি রাজ্যকে প্রতিহিংসার রাজনীতি থেকে মুক্ত করতে চায় বলে, দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য মন্তব্য করেছেন। # এদিকে, ভোট পরবর্তী হিংসা মামলায়, প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যনার্জীর, আইনজীবী হিসেবে কলকাতা হাইকোর্টে সওয়াল করার ব্যাপারে ব্যাখ্যা চেয়েছে 'বার কাউন্সিল অফ ইণ্ডিয়া'।
৩/ স্কুলের প্রার্থনা সঙ্গীত হিসেবে এবার জাতীয় স্তোত্র 'বন্দেমাতরম' গাওয়া বাধ্যতামূলক করেছে রাজ্য সরকার।

৪/ চলতি বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে আজ। #পাশের হার ৯১ দশমিক ২/৩ শতাংশ।
৫/ দীর্ঘ জটিলতা কাটিয়ে চিংড়িঘাটায় মেট্রো প্রকল্পের বকেয়া কাজ আগামীকাল শুরু হচ্ছে। # কবি সুভাষ মেট্রো স্টেশন সংস্কারের জন্য আগামী রবিবার মেট্রোর ব্লু-লাইনের শহীদ ক্ষুদিরাম ও মহানায়ক উত্তম কুমার স্টেশনের মধ্যে ট্রেন চলাচল বন্ধ থাকবে।

৬/ বিশিষ্ট তবলা বাদক এবং আকাশবাণী ও দূরদর্শনের প্রাক্তন শিল্পী, ওস্তাদ সাবির খান প্রয়াত।

*******************************************************************

রাজ্য বিধানসভায় আজ নবনির্বাচিত বিধায়কদের শপথগ্রহণ পর্ব শেষ হয়েছে। দ্বিতীয় দিনে আজ সকাল থেকে দু'দফায় ১১'টি জেলার ১৪০ জন বিধায়ক শপথ নেন। উল্লেখযোগ্য বিধায়কদের মধ্যে ছিলেন প্রাক্তন মন্ত্রী ফিরহাদ হাকিম, বেলেঘাটার বিধায়ক কুণাল ঘোষ এবং চৌরঙ্গির বিধায়ক নয়না বন্দ্যোপাধ্যায়। পাশাপাশি আউশগ্রামের বিধায়ক কলিতা মাঝি-ও শপথ নেন। তাঁদের শপথবাক্য পাঠ করান অধ্যক্ষ প্রতীম তাপস রায়।

উল্লেখ্য, দু'দিন মিলিয়ে মোট ২৯০ জন বিধায়ক শপথ নিলেন। প্রথম দিনে গতকাল মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সহ ১৪৪ জন বিধায়ক শপথ গ্রহণ করেন। ২৯৩ জন জয়ী সদস্যের মধ্যে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী নন্দীগ্রাম এবং হুমায়ুন কবীর রেজিনগর আসন ছাড়বেন বলে ইতমধ্যেই জানিয়ে দিয়েছেন। অন্যদিকে চন্ডীতলার স্বাতী খন্দকার পা ভেঙে হাসপাতালে ভর্তি থাকায় শপথ নিতে পারেননি। দক্ষিণ ২৪ পরগণার ফলতা কেন্দ্রে পুনর্নির্বাচন ২১শে মে।

***************************

আগামীকাল নতুন অধ্যক্ষ নির্বাচনের জন্য রাজ্য বিধানসভায় একদিনের বিশেষ অধিবেশন বসছে। সরকার পক্ষ ইতিমধ্যেই কোচবিহার-দক্ষিণের বিজেপি বিধায়ক রথীন্দ্র বোস-এর নাম অধ্যক্ষ পদপ্রার্থী হিসেবে ঘোষণা করেছে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিরূপ )

***************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, বিধানসভায় রথীন্দ্র বোসকে অভিনন্দন জানান। তিনিই সর্বসম্মতিক্রমেই বিধানসভার অধ্যক্ষ হিসেবে নির্বাচিত হবেন বলে সমাজমাধ্যমে প্রত্যয় ব্যক্ত করেছেন মুখ্যমন্ত্রী। পরে তিনি সাংবাদিকদের বলেন, অধ্যক্ষ পদ পরিচালনার জন্য রাজনৈতিক অভিজ্ঞতা এবং শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন। একজন চ্যাটার্ড অ্যাকাউন্ট্যান্ট ব্যক্তিকে এই পদে মনোনীত করতে পেরে সকলেই খুশী।

এদিকে রথীন বাবু বলেছেন, দলের তরফে তাঁকে যে দায়িত্ব দেওয়া হচ্ছে, বিধানসভার মর্যাদা রক্ষায় তা তিনি নিষ্ঠার সঙ্গে পালন করবেন।

***************************

রাজ্য সরকার, পঞ্চায়েত স্তরে প্রায় সাড়ে ছ'হাজার কর্মী নিয়োগ করার পরিকল্পনা নিয়েছে বলে রাজ্যের পঞ্চায়েতমন্ত্রী দিলীপ ঘোষ জানিয়েছেন। তিনি বলেন, বিভিন্ন দফতরের আধিকারিকদের সঙ্গে ইতিমধ্যেই এই নিয়ে আলোচনা হয়েছে এবং দ্রুত নিয়োগ প্রক্রিয়া শুরুর প্রস্তুতি চলছে।

প্রায় সাড়ে ৬ হাজার পদের জন্য নামের শর্টলিস্ট তৈরি করা হয়েছিল। আপাতত সেই তালিকা খতিয়ে দেখে নিয়োগের প্রক্রিয়া এগিয়ে নিয়ে যাওয়া হবে বলে দিলীপবাবু জানিয়েছেন।

( বাইট- দিলীপ ঘোষ )

তিনি আরো বলেন, পঞ্চায়েত দফতরে পর্যাপ্ত কর্মী না থাকায় বহু কাজ আটকে রয়েছে। একজন কর্মীকে একাধিক পঞ্চায়েতের দায়িত্ব সামলাতে হচ্ছে। ফলে ব্যাহত হচ্ছে প্রশাসনিক কাজের গতি ।

দিলীপ বাবু আরও জানান, মন্ত্রিসভায় বিষয়টি নিয়ে আলোচনা এবং মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী-কে এব্যাপারে অবহিত করা হয়েছে। কেন্দ্রের সহায়তায় তৈরি হওয়া বিভিন্ন প্রকল্প রূপায়ণেও, পর্যাপ্ত কর্মী প্রয়োজন বলে মন্তব্য করেন, নবনির্বাচিত পঞ্চায়েত মন্ত্রী।

***************************

বিজেপি রাজ্যকে প্রতিহিংসার রাজনীতি থেকে মুক্ত করতে চায় বলে, দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য মন্তব্য করেছেন। তিনি আজ নতুন দিল্লিতে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, ভোটের ফল ঘোষণার পর দশ জন তৃণমূল কর্মীকে হত্যা করা হয়েছে বলে প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি যে অভিযোগ করেছেন, তা ভিত্তিহীন। কারণ বিজেপি এই ধরনের সংস্কৃতিতে বিশ্বাসী নয়।

বরং তাঁদের দলের'ই তিনজন কর্মীকে হত্যা করা হয়েছে বলে শমীকবাবু পাল্টা দাবী করেন। গোষ্ঠীদ্বন্দ্বের কারণে রাজ্যে তৃণমূল কংগ্রেসই নিজেদের কর্মীর ওপর আক্রমণ চালাচ্ছে বলে'ও শমীকবাবুর অভিযোগ।

পরিসংখ্যান দিয়ে তিনি জানান, ২০২১-এর দোসরা মে বিধানসভা ভোটের ফল প্রকাশের পর ২৭দিনে ৫৬জন বিজেপি কর্মীকে হত্যা ও ২৭জন মহিলা কর্মীকে নির্যাতন করা হয়েছিল। কিন্তু পুলিশ এই ঘটনার কোন FIR নেয়নি। ভোট পরবর্তী এই

ধরণের হিংসার ঘটনায় তৎকালীন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী কেন কোন পদক্ষেপ নেননি, তা' নিয়েও প্রশ্ন তোলেন তিনি।

( বাইট- শমীক ৫.১০ )

এবছর চৌঠা মে' ফল প্রকাশের পর, যারা বিজেপির পতাকা নিয়ে এই কাজ করছে, তারা কেউই তাঁদের দলের কর্মী নয় বলে বিজেপির রাজ্য সহাপতি স্পষ্ট জানান। দল তাদের পাশে'ও নেই। প্রয়োজনে এদের চিহ্নিত করে পুলিশের হাতে তুলে দেওয়ার'ও আবেদন জানানো হয়েছে। রাজনৈতিক হিংসা এবং হত্যার বদলে হত্যার রাজনীতি থেকে রাজ্যকে মুক্ত করতে বিজেপি বদ্ধপরিকর। প্রধানমন্ত্রী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং রাজ্যের মুখ্যমন্ত্রী'ও বিষয়টির উপর নজর রাখছেন।

***************************

রাজ্যে ভোট পরবর্তী হিংসার মামলায়, প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যনার্জী, আইনজীবী পরিচয় দিয়ে কলকাতা হাইকোর্টে যে সওয়াল করেছে, আইনজীবীদের সর্বোচ্চ নিয়ামক সংস্থা- 'বার কাউন্সিল অফ ইণ্ডিয়া', সে ব্যাপারে ব্যাখা চেয়েছে। 'বার কাউন্সিলের প্রিন্সিপাল সেক্রেটারি শ্রীমন্ত সেন, এব্যাপারে বিস্তারিত তথ্য খতিয়ে দেখার নির্দেশ দিয়ে চিঠি দিয়েছেন পশ্চিমবঙ্গ বার কাউন্সিলের সেক্রেটারিকে। চিঠিতে উল্লেখ করা হয়েছে, প্রাক্তন মুখ্যমন্ত্রী কবে আইনজীবি হিসেবে নাম নথিভুক্ত করেছিলেন, তার এনরলমেন্ট নম্বর এবং লাইসেন্স বাতিল করা হয়েছিল, বা তিনি তা' জমা রেখেছিলেন কিনা, এই সমস্ত তথ্য যাচাই করা প্রয়োজন। দুদিনের মধ্যে তা' জানাতেও বলা হয়েছে।

উল্লেখ্য, ভোট পরবর্তী হিংসার মামলায় শুনানিতে অংশ নেওয়ার জন্য আজ সকালে কলকাতা হাইকোর্টে উপস্থিত হন প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। তৃণমূল কংগ্রেস প্রার্থী শীর্ষন্য বন্দ্যোপাধ্যায় এবং রৌনক মুখার্জীর দায়ের করা মামলায় আজ মমতা ব্যানার্জীর সঙ্গে প্রধান বিচারপতির বেঞ্চে সওয়াল করেন কল্যাণ বন্দ্যোপাধ্যায় ও বিকাশ রঞ্জন ভট্টাচার্য্য। দু'পক্ষের বক্তব্য শেষে রায়দান স্থগিত রেখেছেন প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থসারথী সেনের ডিভিশন বেঞ্চ।

এদিকে, প্রাক্তন মুখ্যমন্ত্রী সওয়াল করতে শুরু করলে আজ এবং পরে আদালতের বাইরেও মমতা ব্যানার্জীকে লক্ষ্য করে স্লোগান শুরু হলে সাময়িক উত্তেজনা ছড়ায়।

অন্যদিকে, কলকাতা হাইকোর্ট, রাজ্যে ভোট পরবর্তী হিংসার ঘটনা, পুলিশকে কঠোর হাতে নিয়ন্ত্রণ করতে নির্দেশ দিয়েছে। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ এক জনস্বার্থ মামলার আজ বলেন, কোন আক্রান্ত ব্যাক্তির রাজনৈতিক পরিচয় না দেখেই তার দোকান ও বাড়ি ক্ষতিগ্রস্ত হলে, তাকে আগের অবস্থাতেই তা' ফেরত দিতে হবে। পাশাপাশি পাঁচ সপ্তাহের মধ্যে সব পক্ষকে হলফনামা দিয়ে নিজেদের বক্তব্য জানাতেও বলা হয়েছে।

**************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় " National Action Plan for Toys"। দেশে খেলনা শিল্পের প্রসার নিয়ে ভারত টয়স অ্যাসোসিয়েশনের সহ-সভাপতি ব্রিজেশ রানিলা-ওয়ালার সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

**************************

স্কুলের প্রার্থনা সঙ্গীত হিসেবে এবার জাতীয় স্তোত্র 'বন্দেমাতরম' গাওয়া বাধ্যতামূলক করেছে রাজ্য সরকার। একইসঙ্গে অবশ্য জাতীয় সংগীত 'জনগণমন'ও প্রার্থনা সঙ্গীত হিসেবে থাকবে। আগামী সোমবার ১৮'ই মে থেকেই এই নির্দেশিকা কার্যকর হচ্ছে।

পশ্চিমবঙ্গ সরকারের স্কুল শিক্ষা দপ্তরের অধীনে সমস্ত স্কুলে ক্লাস শুরু আগে প্রার্থনা সভায়, 'বন্দেমাতরম' ও 'জনগণমন'ও প্রার্থনা সঙ্গীত হিসেবে গাওয়া বাধ্যতামুলক বলে, শিক্ষা দপ্তর আজ এক বিজ্ঞপ্তি জারি করেছে।

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার, রাজ্যের স্কুলগুলিতে বন্দে মাতরম বাধ্যতামূলক করাকে স্বাগত জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেন, বন্দে মাতরম, জাতীত চেতনা, দেশপ্রেম ও সাংস্কৃতিক ঐতিহ্যের এক অনন্য প্রতীক। বিদ্যালয়ের পড়ুয়াদের মধ্যে দেশ মাতৃকার প্রতি শ্রদ্ধা, ্কেতা ও জাতীয় মূল্যবোধ জাগ্রত করতে এই পদক্ষেপ অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলেও অভিমত প্রকাশ করেছেন তিনি।

বিজেপির রাজ্য সভাপতি **শমীক** ভট্টাচার্য’ও বলেছেন, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ভারতের অস্মিতা, আধ্যাত্মবাদ, সাংস্কৃতিক জাতীয়তাবাদ এবং গৌরবশালী অতীতের পুনর্জাগরণ ঘটিয়েছিলেন। তাঁর ‘বন্দেমাতরম’, দেশের মানুষের মনে এক উন্মাদনার সঞ্চার করতো। সেই বন্দেমাতরম প্রার্থনা সঙ্গীত হিসেবে গাওয়া বাধ্যতামূলক করা, অত্যন্ত সন্তোষজনক।

***************************

চলতি বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আজ প্রকাশিত হয়েছে। পাশের হার ৯১ দশমিক ২/৩ শতাংশ, গতবারের তুলনায় যা সামান্য বেশি। উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি পার্থ কর্মকার ফল ঘোষণা করে জানিয়েছেন, প্রথম দশ জনের তালিকায় স্থান পেয়েছেন ৬৪ জন। ৪৯৬ নম্বর পেয়ে প্রথম হয়েছেন নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন বিদ্যালয়ের ছাত্র আদৃত পাল।

***************************

দীর্ঘ জটিলতা কাটিয়ে চিংড়িঘাটায় মেট্রো প্রকল্পের বকেয়া কাজ আগামীকাল শুরু হচ্ছে। নিউ গড়িয়া থেকে কলকাতা বিমানবন্দর মেট্রো লাইনে বাকি থাকা ৩৬৬ মিটার অংশের নির্মান কাজের জন্য বাইপাসের কিছু অংশে দু দফায় যান চলাচল নিয়ন্ত্রণ করা হবে ।

প্রথম দফায় আগামীকাল রাত ৮ টা থেকে সোমবার ১৮ই মে সকাল ৮ টা পর্যন্ত পশ্চিম দিকের একটি লেন এবং দ্বিতীয় দফায় আগামী শুক্রবার- ২২মে রাত ৮ টা থেকে পরের সোমবার ২৫শে মে সকাল ৮ টা পর্যন্ত পূর্ব দিকের লেনে সব ধরনের যান চলাচল বন্ধ রাখা হবে।

উল্লেখ্য, গার্ডার বসানোর কাজের জন্য চিংড়িঘাটা মোড়ে আংশিক যান নিয়ন্ত্রণে মেট্রো কর্তৃপক্ষ অনুমতি চাইলেও পূর্বতন সরকার তা না দেওয়ায় দীর্ঘদিন এই কাজ থমকে ছিল। এই নিয়ে কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলাও দায়ের হয়।

***************************

কবি সুভাষ মেট্রো স্টেশনে সংস্কার কাজের জন্য আগামী রবিবার ১৭’ই মে, মেট্রোর ব্লু-লাইন করিডরে শহীদ ক্ষুদিরাম ও মহানায়ক উত্তম কুমার স্টেশনের মধ্যে ট্রেন চলাচল করবে না।

তবে, ঐদিন মহানায়ক উত্তম কুমার ও দক্ষিণেশ্বর স্টেশন পর্যন্ত  ট্রেন চলাচল স্বাভাবিক থাকবে বলে মেট্রো রেলের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে। সোমবার থেকে অবশ্য শহীদ ক্ষুদিরাম ও দক্ষিণেশ্বরের মধ্যে স্বাভাবিক ট্রেন চলাচল করবে।

*************************

বিশিষ্ট তবলা বাদক এবং আকাশবাণী ও দূরদর্শনের প্রাক্তন শিল্পী, ওস্তাদ সাবির খান প্রয়াত। আজ সকালে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৬৭ বছর।

পিতা বিখ্যাত তবলিয়া ওস্তাদ কেরামাতুল্লা খান সাহেবের যোগ্য উত্তরাধিকারী ছিলেন ফারুকাবাদ ঘরানার এই শিল্পী। দেশে বিদেশে সঙ্গত করেছেন পণ্ডিত রবিশঙ্কর, উস্তাদ আমজাদ আলি খান, উস্তাদ বিসমিল্লা খানের মতো বহু কিংবদন্তি শিল্পীর সঙ্গে। শাস্ত্রীয় সংগীতের বাইরে সাবির খান সুরকার ও গায়ক হিসেবেও খ্যাতি অর্জন করেছিলেন। হিন্দি, বাংলা, তামিল ও ইংরেজি ভাষার বেশকিছু ছবিতে তিনি সুরারোপ করেছেন, গানও গেয়েছেন। জীবদ্দশায় বহু সম্মানে ভূষিত শিল্পী ২০১২ সালে সংগীত নাটক একাডেমী পুরস্কার লাভ করেন।

তাঁর আকস্মিক মৃত্যুতে শোকস্তব্ধ সঙ্গীত জগত।

*************************

আকাশবাণীর ৯০ বছর পূর্তি উপলক্ষে কলকাতায় অনুষ্ঠিত হল বিশেষ সঙ্গীত সম্মেলন ‘এআইআর@৯০’। আজ সন্ধ্যায় আকাশবাণী কলকাতার উদ্যোগে কলকাতা যাদুঘরের আশুতোষ জন্মশতবার্ষিকী ভবনে আয়োজিত এই অনুষ্ঠানে শাস্ত্রীয় সঙ্গীতের এক বর্ণময় সন্ধ্যার সাক্ষী থাকলেন সঙ্গীতপ্রেমীরা।

*****************************************************************